www.xtrapapers.com
www.PapaCambridge.com

UNIVERSITY OF CAMBRIDGE INTERNATIONAL EXAMINATIONS
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2007**

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Booklet/Paper

*4826872686*

**READ THESE INSTRUCTIONS FIRST**

If you have been given an Answer Booklet, follow the instructions on the front cover of the Booklet.
Write your Centre number, candidate number and name on all the work you hand in.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.

At the end of the examination, fasten all your work securely together.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.

This document consists of **8** printed pages and **4** blank pages.

SP (CW/TL) T32440/4
© UCLES 2007
UNIVERSITY *of* CAMBRIDGE International Examinations

[Turn over

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section A

## বিভাগ ক

**A1 Separation of Words** [10]

সন্ধি বিচ্ছেদ

*নিচে দেওয়া শব্দগুলির সন্ধি বিচ্ছেদ কর।*
*তোমার উত্তর প্রদত্ত উত্তরপত্রে লেখ।*

1 সজ্জন
2 তিরস্কার
3 যথেচ্ছা
4 মহোৎসব
5 উল্লাস

**A2 Idioms, Proverbs and Words in Pairs** [10]

বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

*নিচের বাক্যগুলিতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে। শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারা/প্রবচন/জোড়া শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

6 একজন আসামী ধরার জন্য পুরা মহল্লায় কারফিউ দেয়া হল, এ যেন ______________।
7 আমাদের অফিসের দুই ম্যানেজারের মধ্যে একেবারে ________________ সম্পর্ক ।
8 নিজে কাজটি করতে পারে নি, এখন সবার দোষ দিচ্ছে, একেই বলে _________________।
9 গাড়ী দুর্ঘটনায় ছেলেমেয়ে সবাই মারা যাওয়াতে পরিবারটির উপর ______________ হল।
10 ______________ না শিখলে প্রকৃত শিক্ষা পাওয়া যায় না।

(1) নাচতে না জানলে উঠান বাঁকা
(2) উত্থান-পতন
(3) চোখে সরষে ফুল দেখা
(4) গোবরে পদ্ম ফুল
(5) বিনা মেঘে বজ্রপাত
(6) মশা মারতে কামান দাগা
(7) সাপে নেউলে
(8) হাতে-কলমে
(9) যেমন কুকুর তেমন মুগুড়
(10) বরের ঘরের পিসী, কনের ঘরের মাসী

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## A3 Sentence Transformation

0]

বাক্য রূপান্তর

*নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে এমনভাবে পূরণ কর যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়। উত্তরপত্রে শুধু তোমার উত্তরটিই লিখবে।*

11 মন দিয়ে কাজ না করাতে তোমার চাকুরী গেছে।

তোমার চাকুরী গেছে কারণ ______________________।

12 স্বাস্থ্য ভাল রাখার জন্য প্রতিদিন কমপক্ষে পাঁচ রকমের ফল ও সব্জী খাওয়া প্রয়োজন।

যদি স্বাস্থ্য ভালো রাখতে চাও তাহলে ____________________।

13 খুব অসুস্থতা থাকা সত্ত্বেও শফিক সাহেব অনেক পরিশ্রম করেন।

________________ শফিক সাহেব অনেক পরিশ্রম করেন।

14 ঠিক জায়গায় বিনিয়োগ না করলে তোমার লোকসান হবে।

তোমার সব লোকসান হবে ______________________________।

15 তুমি না আসলে আমি সাঁতার কাটতে যাবো না
আমি সাঁতার কাটতে যাবো না _________________________।

www.xtrapapers.com

www.PapaCambridge.com



## A4 Cloze Passage

শূন্যস্থান পূরণ

*এই অনুচ্ছেদটিতে শূন্যস্থানগুলি পূরণের জন্য কতগুলি শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূন্যস্থান পূরণের জন্য এর মধ্য থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

বিজ্ঞানের এক অপূর্ব ______ (16) ক্যামেরা। এর সাহায্যে মানুষ যে কোনো দৃশ্যমান জিনিষকে চোখের ______ (17) ফিল্মের মধ্যে বন্দী করে ফেলতে পারে। ফিল্মের ছবি কাগজের পাতায় ছেপে মানুষ তার ______ (18) যুগ যুগ ধরে জীবন্ত করে রাখে। ক্যামেরা আবিষ্কারের আগে মানুষ ছবি এঁকে বিভিন্ন জিনিষের প্রতিমূর্তি ধরে রাখত। কিন্তু ওটা ক্যামেরায় তোলা ছবির মত ______ (19) হতো না। প্রথমদিকে সব ছবি সাদাকালো ছিল। এর পরে রঙিন ছবির ______ (20) ঘটে। এতে ক্যামেরার ছবি আরো ______ (21) হয়ে উঠে। মানুষ কাঁচের ফ্রেমে বা এলবামে এসব ছবি বাঁধিয়ে রাখে যেন এগুলোকে বহুদিন ______ (22) করে রাখা যায়। কিন্তু অন্য সব জিনিষের মত সময়ের সাথে সাথে আলো, ______ (23) এবং আর্দ্রতার জন্য ছবিরও ______ (24) নষ্ট হয়ে যায়। ছবি মলিন হয়ে পড়ে এবং এর ______ (25) কমে যায়।

(1) বাতাস
(2) গুণাগুণ
(3) পলকে
(4) বিলীন
(5) সংরক্ষণ
(6) মানুষ
(7) সৃষ্টি
(8) অবিকল
(9) চাকচিক্য
(10) অপূর্ব
(11) জীবন্ত
(12) জিনিষ
(13) তুলনায়
(14) আগমন
(15) স্মৃতিকে

www.xtrapapers.com
www.PapaCambridge.com

**TURN OVER FOR SECTION B**

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section B

## বিভাগ খ

*অনুচ্ছেদটি ভাল করে পড়ে নীচে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দাও।*

### আমার গ্রামের বাড়ী

আজ প্রায় বত্রিশ বছর পর আসিফ তাদের গ্রামের বাড়ীতে বেড়াতে এল। এখন তার বয়স পঁয়তাল্লিশ বছর। চৌত্রিশ বছর আগে যখন দেশে স্বাধীনতা সংগ্রাম চলছিল তখন সে এক বছর গ্রামের বাড়ীতে ছিল। তখন সে ছিল মাত্র বারো বছরের একটি বালক।

আসিফদের গ্রামের বাড়ী হীরাগঞ্জ থেকে প্রায় তিরিশ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে। গ্রামের দুই দিকে নদী বয়ে গেছে। গ্রামের উত্তরে কুলংগী নদী। এটা পশ্চিম থেকে পূর্ব দিকে বয়ে গেছে আর পূর্ব ধারে চন্দ্রাবতী নদী। নদী দুটি মিলেছে গ্রামের উত্তর-পূর্ব কোণায়।

তাদের বাড়ীর পাশে একটা খাল আছে। খালের উপরে একটা পুল পার হয়ে বাড়ী যেতে হয়। যুদ্ধের সময় পুলটা কাঠের তৈরী ছিল। এখন পাকা হয়ে গেছে। যুদ্ধের সময় পুলের উপর বসে আসিফ বড়শী দিয়ে খালে মাছ ধরত আর নৌকায় চড়ে বেড়াত। খালের পাড়ের ঝোপঝাড়ে ওরা প্রজাপতির পেছনে দৌড়াত। কিন্তু একটা কাজ নিষেধ ছিল, তা হল খালে ঝাঁপ দেওয়া।

বাড়ীর চারিদিকে বিভিন্ন গাছগাছড়ার জঙ্গল। সামনে একটা বিরাট পুকুর। বাড়ীর পুরুষেরা এই পুকুরে গোছল করে। ছোটকালে সে এখানে সাঁতার কাটত। এ ছাড়াও পুকুরটাতে বিভিন্ন ধরণের মাছের চাষ করা হয়। পুকুরের দক্ষিণ পাড়ে একটা বাংলাঘর। এখানে গ্রামের লোকের ঝগড়া-বিবাদের মীমাংসা হত। যুদ্ধের সময় মুক্তিবাহিনীরা এই বাংলাঘরে বসে যুদ্ধের পরিকল্পনা করত। তাছাড়া রাতের বেলায় গ্রামের লোকজন একত্র হয়ে রেডিও শুনত।

পুকুরের উত্তর ধারে বিশাল ক্ষেত। বছরের বিভিন্ন সময়ে এখানে বিভিন্ন ধরনের ফসল হয়। শীতকালে বিভিন্ন শাক-সব্জী, তরকারী ও তরমুজের গাছ এসব লাগানো হয়। ওগুলো পেকে গেলে চৈত্র মাসের শুরুতে ধান বোনা হয়। ধান পাকে বর্ষার শেষ দিকে। ধান কাটার পর ক্ষেত পানিতে টইটম্বুর হয়ে যায়।

**B5 MCQ Comprehension** [14]

**26** স্বাধীনতা সংগ্রামের সময় আসিফের বয়স কত ছিল?

**(1)** বারো
**(2)** বত্রিশ
**(3)** ছত্রিশ
**(4)** পঁয়তাল্লিশ

www.xtrapapers.com
www.PapaCambridge.com



27 আসিফের গ্রাম কোথায়?

(1) কুলঙ্গী নদীর দুই পাড়ে
(2) চন্দ্রাবতী নদীর উত্তর-পূর্ব দিকে
(3) হীরাগঞ্জের দক্ষিণ-পশ্চিমে
(4) কুলঙ্গী নদীর পূর্ব পাড়ে

28 আসিফদের বাড়ীর পাশের পুলটা

(1) চন্দ্রাবতী নদীর উপর
(2) যুদ্ধের সময় তৈরী হয়েছিল
(3) কাঠের তৈরী
(4) তাদের বাড়ীর পাশের খালের উপর

29 বাড়ীর পাশের খালে ওকে কি করতে দেওয়া হত না?

(1) বড়শী দিয়ে মাছ ধরতে
(2) পুল থেকে ঝাপ দিতে
(3) নৌকা বাইতে
(4) প্রজাপতি ধরতে

30 আসিফদের বাড়ীর পুকুরটি সম্বন্ধে কি বলা হয়েছে?

(1) এর চারিদিকে গাছ-গাছড়ার জঙ্গল
(2) আসিফ এখানে মাছ ধরত
(3) পুকুরটি বাড়ীর সামনে
(4) পুকুরটিতে পুরুষরা সাঁতার কাটে

31 যুদ্ধের সময় আসিফদের বাড়ীর দহলিজে

(1) গ্রামের লোকেরা ঝগড়া বিবাদ করত।
(2) মুক্তিযোদ্ধারা গ্রামের লোকের ঝগড়া-বিবাদের মীমাংসা করত।
(3) গ্রামের লোকেরা যুদ্ধের পরিকল্পনা করত।
(4) গ্রামের লোকেরা একত্রে বসে রেডিও শুনত।

32 পুকুরের উত্তর পাড়ের ক্ষেতে

(1) সারা বছর ধান লাগানো হয়।
(2) শীতের মৌসুমে বিভিন্ন শাক-সব্জী, তরকারী ও তরমুজের গাছ এসব লাগানো হয়।
(3) ধান গাছ লাগাবার সময় ক্ষেত পানিতে টইটম্বুর হয়ে যায়।
(4) বর্ষার শেষে ধান লাগানো হয়।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section C
## বিভাগ গ

*নিচের দেওয়া অনুচ্ছেদটি ভাল করে পড় এবং যথাসম্ভব নিজের ভাষায় প্রশ্নগুলোর উত্তর দাও।*

### জার্মানী ভ্রমণ

আজ প্রায় তিরিশ বছর বিলেতে আছি কিন্তু এখনো জার্মানী দেখার সুযোগ হয় নি। এবার গরমের ছুটিতে তাই জার্মানী যাবার সিদ্ধান্ত নিলাম। বন্ধু সোহেল সেখানে থাকে। সে বিশেষ করে ধরেছে ওর ওখানে থাকতে। আইডিয়াটা ভালই মনে হল। বিদেশে জানাশুনা কেউ থাকলে ভীষণ সুবিধা। প্রথমত: ভাষা না জানার সমস্যাটা থাকে না, তারপর থাকা খাওয়াটা বিনা খরচায় হয়ে যায়। সবচেয়ে বড় সুবিধা ঐ এলাকায় দেখার কি কি বিশেষ জায়গা আছে সে সম্বন্ধে তথ্য পাওয়া যায়।

সোহেল থাকে জার্মানীর পুরানা রাজধানী বন থেকে প্রায় একশ কিলোমিটার দক্ষিণে মাইনজ শহরে। জার্মানীর বৃহত্তম বানিজ্য কেন্দ্র ফ্রাংকফুর্ট মাইনজ থেকে মাত্র ত্রিশ কিলোমিটার দূরে। মাইনজের খ্যাতির একটা কারণ হল এর ভৌগোলিক অবস্থান - এখানে বিখ্যাত রাইন এবং মাইন নদী মিলিত হয়েছে।

লন্ডন থেকে কিভাবে যাব ভাবছিলাম। ট্রেন ধরে ফ্রান্সের স্ট্রাসবুর্গ হয়ে যাওয়া যায়। অথবা ডোভার থেকে ফেরী নিয়ে বেলজিয়াম হয়ে যাওয়া যায়। কিন্তু শেষ পর্যন্ত প্লেনে ফ্রাংকফুর্ট গেলাম, সেখান থেকে সোহেল ড্রাইভ করে মাইনজ নিয়ে গেল।

পরদিন শনিবারে আমরা ট্রেনে কোলন শহরে বেড়াতে যাওয়ার সিদ্ধান্ত নিলাম । শনি রবিবারে জার্মানীতে ট্রেনে ঘোরা খুবই সুবিধাজনক। মাত্র ত্রিশ ইউরোতে পাঁচজন যাত্রী জার্মানীর যে কোনো জায়গায় যেতে পারে। তাছাড়া এখানকার ট্রেনগুলি খুবই দ্রুতগামী, প্রশস্ত এবং পরিচ্ছন্ন। মাইনজ থেকে কোলন যাওয়ার ট্রেন ভ্রমণটি অপূর্ব। ট্রেনলাইনটি আগাগোড়া রাইন নদীর পাড় ঘেঁষে চলেছে। ট্রেনের জানালা থেকে রাইনের উপর চলমান বিভিন্ন ধরণের জলযান দেখা যায়। অন্যপাড়ে সমান্তরালভাবে চলে গেছে সুউচ্চ পাহাড়। পাহাড়ের গায়ে সারিবদ্ধ আঙ্গুরের বাগান। মাঝে মাঝে নজরে পড়ে বড় বড় দুর্গ। দুর্গগুলোর গায়ের লেখা দেখে মনে হয় এগুলো এখন বেশীরভাগ হোটেলে রূপান্তরিত হয়েছে।

প্রায় দুঘন্টা পরে আমরা কোলন শহরে এসে পৌঁছলাম। কোলন শহরের বিশ্বপরিচিতির কারণ প্রথমতঃ এর বিখ্যাত ক্যাথিড্রাল যাকে এরা 'ডম' বলে। যদিও তেরো শতকে এর নির্মাণ কাজ শুরু হয় কিন্তু প্রায় ৬০০ বছর লেগেছে এই কাজ শেষ হতে। ১৮৮০ সালে এর চূড়া দুইটি তৈরী হওয়ার পর থেকে ১৮৮৭ সাল পর্যন্ত ১৫৭ মিটার উঁচু এই ক্যাথিড্রালটি ছিল বিশ্বের সবচেয়ে উঁচু স্থাপত্য।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**C6 OE Comprehension** 6]

বোধজ্ঞানের খোলা প্রশ্ন

*এখন নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।*

**33** লেখক ছুটিতে জার্মানী যাবার সিদ্ধান্ত কেন নিলেন? বিদেশে বেড়াতে গেলে পরিচিত লোকজন থাকলে কি কি সুবিধা হয়?

**34** সোহেল কোথায় থাকে? এর ভৌগোলিক অবস্থান সম্বন্ধে কি বলা হয়েছে?

**35** লন্ডন থেকে মাইনজ কিভাবে যাওয়া যায় এবং লেখক কিভাবে গেলেন?

**36** লেখক কিভাবে কোলন যাওয়ার সিদ্ধান্ত নিলেন এবং কেন, তিনটি কারণ লেখ।

**37** "মাইনজ থেকে কোলন যাওয়ার ট্রেন ভ্রমণটি অপূর্ব " চারটি বিষয় উল্লেখ করে এটা বুঝিয়ে দাও।

**38** কোলন সম্বন্ধে চারটি বিষয় লেখ।

**C7 Vocabulary** [10]

**শব্দার্থ**

*উপরের অনুচ্ছেদ থেকে নেওয়া নিচের শব্দগুলির অর্থ লেখ:*

**39** সিদ্ধান্ত

**40** তথ্য

**41** বিখ্যাত

**42** প্রশস্ত

**43** নির্মাণ

**End of Paper**

www.xtrapapers.com

www.PapaCambridge.com



BLANK PAGE

BLANK PAGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com

www.xtrapapers.com

www.PapaCambridge.com

**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

University of Cambridge International Examinations is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of University of